

প্রথম আলো

বুধবার, ৬ ফেব্রুয়ারি ২০১৩

আফ্রিকার জন্য বিশেষ উইন্ডোজ ফোন

চীনের টেলিযোগাযোগ প্রতিষ্ঠান হুয়াইউই আফ্রিকা অঞ্চলের জন্য বিশেষ মুঠোফোন বাজারে এনেছে। উইন্ডোজ অপারেটিং সিস্টেম-চালিত এ ফোন 'ফোর আফ্রিকা' উদ্যোগের অংশ হিসেবে চালু করা হয়েছে বলে জানা গেছে।

কম দামে তারহীন উচ্চগতির ইন্টারনেট ব্যবহারের বিশেষ সুবিধাসংবলিত এবং মিসর ও দক্ষিণ আফ্রিকার মানুষের জন্য বিশেষভাবে তৈরি এ ফোনে রয়েছে প্রয়োজনীয় বেশ কিছু উইন্ডোজ অ্যাপস। আফ্রিকান ব্যবহারকারীদের জন্যই বিশেষভাবে তৈরি অ্যাপস রয়েছে এ ফোনে। নতুন এ ফোনের দাম কেমন হবে, সেটি ঠিক জানা যায়নি।

মাইক্রোসফটের মধ্যপ্রাচ্য ও আফ্রিকা অঞ্চলের উইন্ডোজ ফোন বিভাগের পরিচালক গুস্তাভ ফুস বলেন, 'আমরা চাই, আফ্রিকা অঞ্চলে বিশেষ দামে ভালো ফোন দিতে।' এ ফোন মিসর, নাইজেরিয়া, আইভোরি কোস্ট, অ্যাঙ্গোলা, মরক্কো ও দক্ষিণ আফ্রিকার ব্যবহারকারীদের জন্যই তৈরি বলে জানান তিনি।

নতুন ফোনটিতে থাকছে চার ইঞ্চি টাচক্রিন, পাঁচ মেগাপিক্সেল ক্যামেরা প্রভৃতি। একবার চার্জে এ ফোন



HUAWEI

বিশেষ ফোন দেখতে এমন

চলবে ৪২০ ঘণ্টা! ফোর আফ্রিকা নামের এ উদ্যোগে কয়েক লাখ মানুষ স্মার্ট ডিভাইস ব্যবহারের সুযোগ পাবে বলে মনে করা হচ্ছে। দাম বেশি হওয়ায় অনেক ক্ষেত্রেই ভালো সুবিধার ফোন ব্যবহার করতে পারে না এ অঞ্চলের মানুষ। তাই মাইক্রোসফটের এমন উদ্যোগ বলে জানা গেছে। এ উদ্যোগকে স্বাগত জানিয়েছেন প্রযুক্তি বিশেষজ্ঞরা। তাঁদের মতে, এর ফলে বিশ্বের বিভিন্ন অঞ্চলের মানুষ স্মার্টফোন ব্যবহারের সুযোগ পাবে।

—বিবিসি অবলম্বনে কাজী আলম